ই-মেইল/জিইপি/বাহক

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
এস.ইসলাম পার্ক ভিউ, ১৫২/১, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০
www.cevccomilla.gov.bd

**সাধারণ বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: চোরাচালানের অভিযোগে আটককৃত পণ্য এর বৈধ মালিকানা/দাবীদারকে এ দপ্তর বরাবর মালিকানা দাবী করে (যদি কেউ থাকে) আবেদন করার অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তি।

সূত্র: ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া শুল্ক গুদাম এর জি.আর. নম্বর: ১০৬১/২০২৫, তারিখ: ০৬/০৯/২০২৫ খ্রিঃ।

| | |
|---|---|
| আটককারী কর্তৃপক্ষ | : ৬০ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), সুলতানপুর ব্যাটালিয়ন, ব্রাহ্মণবাড়িয়ার সদস্যগণ। |
| আটকের স্থান | : খিরনাল, কসবা ব্রাহ্মণবাড়িয়া নামক স্থান। |
| আটকের তারিখ ও সময় | : ১২/০৭/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক ০৬:১৫ ঘটিকা। |
| আটককৃত মালামাল ও গাড়ির সংক্ষিপ্ত বর্ণনা | : ভারতীয় বিভিন্ন প্রকারের মালামাল। |
| আটককৃত মালামাল যে গুদামে জমা নেয়া হয় নাম ও তারিখ | : আখাউড়া শুল্ক গুদাম, কুমিল্লা, তারিখ: ৩১-০৭-২০২৫ খ্রিস্টাব্দ। |
| আটককৃত মালামাল কাস্টমস গুদাম কর্মকর্তা কর্তৃক নিরুপিত মূল্য | : ২২,২৭,২০০/- (বাইশ লক্ষ সাতাশ হাজার দুইশত ) টাকা। |

সূত্রীয় জিআরভুক্ত মামলার প্রতিবেদন থেকে জানা যায় যে, উপর্যুক্ত আটককারী কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত লোকজন ও সাক্ষীগণের সামনে চোরাইপথে ভারত থেকে আনীত উপরে উল্লিখিত মালামালের আটক প্রতিবেদন তৈরি পূর্বক কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭ এবং ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিলভুক্ত ক্রমিক নং ৫ ও ৬ এ উল্লিখিত অপরাধ সংঘটিত হওয়ার কারণে একই আইনের ধারা ১৯২ (১) ও (২) মোতাবেক ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া শুল্ক গুদাম, ব্রাহ্মণবাড়িয়া জমা প্রদান করা হলে দায়িত্বপ্রাপ্ত গুদাম কর্মকর্তা কর্তৃক আটক পণ্যের মূল্য নিরূপণ করা হয়।

২। আটককারী কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত আটক প্রতিবেদনে বর্ণিত পণ্য ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া শুল্ক গুদামে জমা দেয়া হয়। উক্ত পণ্য শুল্ক করাদি ফাঁকি দিয়ে অবৈধ পথে চোরাচালানের মাধ্যমে বাংলাদেশে প্রবেশ করানোর কারণে আটক মামলা দায়ের করে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭ এবং ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিলভুক্ত ক্রমিক নং ৫ ও ৬ এ উল্লিখিত অপরাধ সংঘটিত হওয়ার কারণে এবং The Imports & Exports (Control) Act, 1950 এর Section 3 এর Sub-section 1 এর বিধান ভঙ্গের অভিযোগে গুদাম কর্মকর্তা একটি আটক মামলা দায়ের করে ন্যায়-নির্ণয়নের জন্য আটক প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করেন।

৩। উল্লিখিত জি.আ.র এ বর্ণিত জব্দকৃত মালামালের কোন বৈধ মালিক/দাবিদার থাকলে আগামী দশ (১০) কার্যদিবসের মধ্যে যথাযথ প্রমাণক/দলিলাদিসহ এ দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যথাযথ দলিলাদি প্রমাণকসহ মালিকানা দাবী করতে ব্যর্থ হলে আর কোন প্রকার নোটিশ ব্যতিরেকে মামলায় বর্ণিত সমুদয় পণ্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

আদেশক্রমে

২৫.১০.২৫

মোঃ আতিকুর রহমান
সহকারী কমিশনার
যুগ্ম-কমিশনারের পক্ষে।
E-mail: cevccomilla@gmail.com

**বিতরণ:**

১. নোটিশ বোর্ড, সদর দপ্তর, কুমিল্লা (সদর দপ্তরের ওয়েব সাইড আপলোডসহ)
২. নোটিশ বোর্ড, ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
৩. নোটিশ বোর্ড, শুল্ক গুদাম, আখাউড়।